

## মূল বইয়ের অতিরিক্ত অংশ

### তৃতীয় অধ্যায়: হৃদযন্ত্রের যত কথা



#### পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** হামিদ সাহেবের বয়স ৬০ বছর। তিনি একদিন হঠাৎ বুকের বামপার্শ্বে প্রচণ্ড ব্যথা অনুভব করলেন। তাঁকে ডাক্তারের নিকট নিয়ে যাওয়া হলো। ডাক্তার তাঁর কিছু পরীক্ষা নিরীক্ষা শেষে তাঁকে সুস্থ থাকার জন্য কিছু প্রয়োজনীয় ব্যবস্থার কথা বললেন।

◀ *শিখনফল-৮/ডা. বো. ২০১৬/*

- |   |   |
|---|---|
| ক. কৈশিক জালিকা কী?   | ১ |
| খ. থ্যালাসেমিয়া বলতে কী বোঝায়?  | ২ |
| গ. হামিদ সাহেবের এরূপ সমস্যার কারণ ব্যাখ্যা করো।  | ৩ |
| ঘ. ডাক্তার হামিদ সাহেবকে কোন ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন? উক্ত ব্যবস্থাটির কার্যপ্রণালী ব্যাখ্যা করো। | ৪ |

#### ১ নং প্রশ্নের উত্তর

**ক** ধমনি ও শিরার সংযোগস্থলে অবস্থিত একস্তর বিশিষ্ট এন্ডোথেলিয়াম দিয়ে গঠিত যেসব সূক্ষ্ম রক্তনালি জালকের আকারে বিন্যস্ত থাকে সেগুলোই কৈশিক জালিকা।

**খ** থ্যালাসেমিয়া এক ধরনের বংশগত রক্তের রোগ। এ রোগের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো এটি প্রচ্ছন্ন জিন দ্বারা ঘটে। যেহেতু জিন চরিত্র প্রকাশের একক সেহেতু জিন পিতা-মাতার বৈশিষ্ট্য সন্তান-সন্তুতিতে সঞ্চারিত করে। আর এ রোগটি পিতা-মাতা থেকে গ্যামেটের মাধ্যমে জিনসহ সঞ্চারিত হয়।

**গ** উদ্ভীপক অনুযায়ী হামিদ সাহেবের হৃদরোগ হয়েছে। হৃদরোগ বর্তমান বিশ্বে একটি অন্যতম মারাত্মক রোগ। প্রতি বছর এ রোগে অনেক মানুষ মারা যায়। বিভিন্ন কারণে এ রোগ হয়ে থাকে। যেমন—

- হৃদরোগের পিছনে বয়স সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ বিষয়। দেখা গেছে, ৬৫ বছরের বেশি ব্যক্তিদের ৮২ শতাংশ হৃদরোগে মারা গেছেন। একই সময়ে, ৫৫ বছরের পরে স্ট্রোক করার আশঙ্কা দ্বিগুণ বেড়ে যায়।
- উচ্চ রক্তচাপ থাকলে এ রোগ হতে পারে।
- উচ্চ লিপিডও এ রোগের অন্যতম কারণ।
- কারো ডায়াবেটিস ম্যালাইটাস থাকলে এ রোগের আশঙ্কা বেড়ে যায়।
- ধূমপান, অতিরিক্ত অ্যালকোহল গ্রহণ করলে এ রোগ হয়।
- পারিবারিক ইতিহাস থাকলে এ রোগ হতে পারে।
- স্বলতা, স্বল্প শারীরিক পরিশ্রম এ রোগ হতে সহায়তা করে।
- এছাড়াও সামগ্রিকভাবে বায়ু দূষণ হৃদরোগের অন্যতম কারণ। উদ্ভীপকের তথ্য ও উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায়, হামিদ সাহেবের বয়সের কারণে হৃদরোগের সমস্যাটি হতে পারে।

**ঘ** ডাক্তার হামিদ সাহেবকে তার হৃদরোগ থেকে ভালো থাকার জন্য কিছু ব্যবস্থার কথা বললেন। যেমন—


হামিদ সাহেবকে দেহের উচ্চতা ও বয়স অনুসারে কাঙ্ক্ষিত ওজন বজায় রাখতে হবে। তাকে প্রাণিজ ও উদ্ভিজ্জ প্রোটিন মিশ্রিত খাবার খেতে হবে। এছাড়া শর্করা, মিষ্টি ও স্নেহ জাতীয় খাদ্যের পরিমাণ নিয়ন্ত্রণে রাখতে হবে। শাক-সবজি ও আঁশযুক্ত খাবার বেশি খেতে হবে। সম্ভব

হলে উদ্ভিজ্জ তেল গ্রহণ করতে হবে। সামুদ্রিক মাছ খেতে হবে কেননা সামুদ্রিক মাছের তেল রক্তে কোলেস্টেরলের পরিমাণ কমায় এবং রক্ত জমাট বাঁধার প্রবণতা হ্রাস করে। মাছভোজীদের হৃদরোগের প্রকোপ এজন্য তুলনামূলকভাবে কম। ডাক্তার তাকে ভিটামিন ও খনিজ লবণের চাহিদা ঠিক রাখতে বললেন। তবে খাওয়ার লবণের পরিমাণ নিয়ন্ত্রণে রাখতে হবে। রসুন, তেঁতুল, ভিটামিন সি সমৃদ্ধ ফল ও অন্যান্য ফল নিয়মিত খেতে বললেন। কেননা এগুলো খেলে হৃদরোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা অনেক কম থাকে।

এগুলো ছাড়াও সঠিক ও পরিমিত পরিমাণে খাদ্য গ্রহণ এবং অতিভোজন হতে বিরত থাকতে হবে। অত্যধিক মানসিক চাপ সৃষ্টিকারী পরিস্থিতি এড়ানো, নিয়মিত হালকা ব্যায়াম অথবা হাঁটা এবং সুষ্ঠু জীবনযাপন অর্থাৎ সময়মতো ঘুমানো, ধূমপান ও মদপান থেকে বিরত থাকতে বললেন।

উপর্যুক্ত ব্যবস্থাসমূহ হামিদ সাহেবকে সুস্থভাবে চলাফেরা করতে সাহায্য করবে।

#### প্রশ্ন ▶ ২



চিত্র 'A'

চিত্র 'B'

◀ *শিখনফল-১/রা. বো. ২০১৬/*

- |   |   |
|---|---|
| ক. পানির স্ফুটনাংক কাকে বলে?                                | ১ |
| খ. পানি বিশুদ্ধকরণ বলতে কী বোঝায়?                          | ২ |
| গ. মানবদেহের 'A' চিহ্নিত চিত্রের কোষের ভূমিকা ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. শ্রেণিবিভাগসহ 'B' চিত্রের গঠন ও কার্যাবলি বিশ্লেষণ করো।  | ৪ |

#### ২ নং প্রশ্নের উত্তর

**ক** নির্দিষ্ট বায়ুমণ্ডলীয় চাপে যে তাপমাত্রায় পানি বাষ্পে পরিণত হয় তাকে পানির স্ফুটনাংক বলে।

**খ** পানি বিশুদ্ধকরণ হলো দূষিত বা ব্যবহারের অনুপযোগী পানিকে বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে ব্যবহার উপযোগী করে তোলার পদ্ধতি। বিভিন্ন উৎস যেমন বালু, ধূলা, রাসায়নিক দ্রব্যাদি ইত্যাদির মাধ্যমে পানি দূষিত হয়। ব্যবহার করবার জন্য তখন এসব পানিকে পরিশ্রাবণ, ক্লোরিনেশন, স্ফুটন, পাতন ইত্যাদি বিভিন্ন পানি বিশুদ্ধকরণ প্রক্রিয়ার মাধ্যমে বিশুদ্ধ করা হয়।

**গ** উদ্ভীপকের 'A' চিহ্নিত চিত্রটি মানবদেহের রক্তে অবস্থিত অণুচক্রিকার। মেব্রুদন্তী প্রাণীদের রক্তের অণুচক্রিকা নিউক্লিয়াস বিশিষ্ট এবং মাকু আকৃতির। অণুচক্রিকা প্রধানত রক্ততঞ্চন প্রক্রিয়ায় অংশগ্রহণের মাধ্যমে রক্ত জমাট বাঁধার কাজ করে থাকে।


যখন দেহের কোনো স্থানের রক্তকণিকা বা টিস্যু আঘাতপ্রাপ্ত হয়ে কেটে যায়, তখন সে স্থানের রক্তে থাকা অণুচক্রিকাগুলো ভেঙে যায় এবং থ্রম্বোপ্লাসটিন নামক পদার্থ নিঃসৃত করে। থ্রম্বোপ্লাসটিন রক্তের আমিষ, প্রোথ্রমবিনকে থ্রমবিনে পরিণত করে। থ্রমবিন পরবর্তীতে রক্তরসের ফাইব্রিনোজেনকে ফাইব্রিন জালকে পরিণত করে রক্তের তঞ্চন ঘটায়। ফাইব্রিন এক ধরনের প্রোটিন, যা দ্রুত সুতার মতো জালিকা প্রস্তুত করে। এটি ক্ষতস্থানে জমাট বাঁধে এবং রক্তক্ষরণ বন্ধ করে। রক্তে অণুচক্রিকা না থাকলে রক্ততঞ্চন প্রক্রিয়া ঘটত না এবং দেহের কোন স্থান কেটে গেলে অনবরত রক্ত ঝরার মাধ্যমে মানুষ অবধারিতভাবে মৃত্যুর দিকে ধাবিত হতো।

সুতরাং বলা যায় যে, মানবদেহে অণুচক্রিকার ভূমিকা অপরিসীম।

**ঘ** উদ্দীপকের 'B' চিত্রটি মানবদেহের রক্তে অবস্থিত শ্বেত রক্তকণিকা। এদের নির্দিষ্ট কোনো আকার নেই। এরা নিউক্লিয়াসযুক্ত বড় আকারের কোষ। এরা হিমোগ্লোবিনবিহীন বলে এদের শ্বেত রক্তকণিকা বলে। গঠনগতভাবে সাইটোপ্লাজমে দানার উপস্থিতি বা অনুপস্থিতি অনুযায়ী শ্বেত রক্তকণিকা দুভাগে বিভক্ত। যথা— অ্যাগ্রানুলোসাইট বা দানাবিহীন এবং গ্রানুলোসাইট বা দানায়ুক্ত। অ্যাগ্রানুলোসাইটগুলোর সাইটোপ্লাজম দানাহীন এবং স্বচ্ছ। এরা আবার দুধরনের হয়ে থাকে— লিম্ফোসাইট ও মনোসাইট। লিম্ফোসাইটগুলো বড় নিউক্লিয়াসযুক্ত ছোট কণিকা। মনোসাইট ছোট, ডিম্বাকার ও বৃক্কাকার নিউক্লিয়াসবিশিষ্ট কণিকা। গ্রানুলোসাইটগুলোর সাইটোপ্লাজম সূক্ষ্ম দানায়ুক্ত। গ্রানুলোসাইট নিউক্লিয়াসের আকৃতির ভিত্তিতে তিন প্রকার। যথা— নিউট্রোফিল, ইউসিনোফিল এবং বেসোফিল।

মানবদেহে শ্বেতরক্তকণিকা বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পন্ন করে থাকে। লিম্ফোসাইট অ্যান্টিবডি গঠন করে, যা দেহে প্রবেশকৃত রোগ জীবাণু ধ্বংস করে। মনোসাইট ও নিউট্রোফিল ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে। ইউসিনোফিল ও বেসোফিল হিস্টামিন নামক পদার্থ নিঃসৃত করে দেহে এলার্জি প্রতিরোধ করে। বেসোফিল হেপারিন নিঃসৃত করে রক্তবাহিকায় রক্তের জমাট বাঁধতে বাধা দেয়। তাই বলা যায়, শ্বেত রক্তকণিকায় অবস্থিত বিভিন্ন ধরনের কণিকার বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন দেহকে সুস্থ ও সবল রাখতে অত্যন্ত সহায়ক ভূমিকা রাখে।

### প্রশ্ন ৩



চিত্র-১

চিত্র-২

উপরের চিত্রের ভিত্তিতে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

◀ শিখনফল-৬/ক্. বো. ২০১৬; চ. বো. ২০১৬/

- |  |   |
|--|---|
| ক. রক্ত কী?  | ১ |
| খ. শ্বেত রক্তকণিকাকে দেহের প্রহরী বলা হয় কেন?   | ২ |
| গ. চিত্র-১ ও চিত্র-২ এর নালির মধ্যে পার্থক্য লিখ।  | ৩ |
| ঘ. চিত্রের নালি দুটির মধ্য দিয়ে প্রবাহিত তরল পদার্থ দেহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ — বিশ্লেষণ করো। | ৪ |

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** রক্ত হলো প্রাণিদেহের এক ধরনের লাল বর্ণের অস্বচ্ছ, আন্তঃকোষীয় লবণাক্ত ও ক্ষারধর্মী তরল যোজক কলা।

**খ** দেহে রোগজীবাণু প্রবেশ করলে শ্বেতকণিকা তা ধ্বংস করে রোগ প্রতিরোধ করে। দেহে রোগজীবাণু প্রবেশ করলে মনোসাইট ও

নিউট্রোফিল শ্বেতকণিকা ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে জীবাণুকে গ্রাস করে ধ্বংস করে। লিম্ফোসাইট শ্বেতকণিকা অ্যান্টিবডি গঠন করে দেহের ভিতরের জীবাণুকে ধ্বংস করে এবং বহিঃস্থ জীবাণুর আক্রমণ প্রতিহত করে। এভাবে শ্বেতকণিকা দেহে রোগ প্রতিরোধ করে। এ কারণেই শ্বেত রক্তকণিকাকে দেহের প্রহরী বলা হয়।

**গ** উদ্দীপকের চিত্র-১ হলো শিরা এবং চিত্র-২ হলো ধমনি। এ দুটি রক্তনালির মাধ্যমে মানবদেহে রক্ত প্রবাহিত হয়। নিচে শিরা ও ধমনির মধ্যে পার্থক্য দেওয়া হলো—


শিরা	ধমনি
i. শিরার প্রাচীর পাতলা।	i. ধমনির প্রাচীর পুরু।
ii. শিরার গহ্বর বড়।	ii. ধমনির গহ্বর ছোট।
iii. শিরায় কপাটিকা আছে।	iii. ধমনি কপাটিকাবিহীন।
iv. শিরার রক্তপ্রবাহ ধীর গতিসম্পন্ন।	iv. ধমনির রক্তপ্রবাহ দ্রুতগতি সম্পন্ন।
v. শিরার স্পন্দন নেই।	v. ধমনির স্পন্দন আছে।
vi. শিরা কৈশিক জালিকা থেকে শুরু হয়ে হৃৎপিণ্ডে শেষ হয়।	vi. ধমনি হৃৎপিণ্ড থেকে শুরু হয়ে কৈশিক জালিকায় শেষ হয়।
vii. পালমোনারি শিরা ব্যতীত সকল শিরা কার্বন ডাইঅক্সাইডযুক্ত রক্ত বহন করে।	vii. পালমোনারি ধমনি ব্যতীত সকল ধমনি অক্সিজেন সমৃদ্ধ রক্ত বহন করে।

**ঘ** চিত্রের ১নং নালি বা শিরা ও চিত্রের ২নং নালি বা ধমনির মধ্য দিয়ে সারাদেহে যে তরল পদার্থটি প্রবাহিত হয় তা হলো রক্ত। রক্ত এক ধরনের লাল বর্ণের অস্বচ্ছ, লবণাক্ত ও ক্ষারধর্মী তরল যোজক টিস্যু। রক্ত দেহে অনেক গুরুত্বপূর্ণ কাজ করে থাকে।

নিচে রক্তের কাজ বর্ণনা করা হলো:

- রক্তের লোহিত কণিকায় অবস্থিত হিমোগ্লোবিন ফুসফুস থেকে অক্সিজেন গ্রহণ করে অক্সিহিমোগ্লোবিনরূপে দেহের বিভিন্ন অঙ্গের প্রতিটি কোষে নিয়ে যায়।
- খাদ্যের পরিপাককৃত অংশ দেহের বিভিন্ন অংশে বহন করে।
- দেহে সৃষ্ট নাইট্রোজেনঘটিত দূষিত পদার্থ দেহ থেকে বের করে দেওয়ার জন্য রক্তের মাধ্যমে পরিবাহিত হয়।
- দেহে কোনো রোগজীবাণু চুকলে রক্তের শ্বেতকণিকা সেগুলোকে মেরে ফেলে রোগ প্রতিরোধ করে। এজন্যই শ্বেত রক্তকণিকাকে দেহের প্রহরী বলা হয়।
- রক্ত দেহের বিভিন্ন অংশে তাপ বহন করে এতে দেহের বিভিন্ন অংশে তাপমাত্রা ঠিক থাকে।
- দেহের নালিবিহীন গ্রন্থিতে উৎপন্ন হরমোন রক্তের মাধ্যমে দেহের বিভিন্ন অংশে পরিবাহিত হয়।
- দেহের কোনো অংশ কেটে রক্তপাত হলে রক্তের অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। ফলে দেহের রক্তপাত বন্ধ হয়।

### প্রশ্ন ৪



◀ শিখনফল-৬ ও ৮/সি. বো. ২০১৬/

- ক. হার্ট-বিট কী? ১  
খ. সর্বজনীন দাতা বলতে কী বোঝায়? ২  
গ. চিত্রের অঙ্গের মাধ্যমে রক্ত সঞ্চালন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩  
ঘ. চিত্রের অঙ্কে সুস্থ রাখতে হলে কোন কোন বিষয় মেনে চলতে হবে? তোমার মতামত দাও। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** হৃৎপিণ্ড স্বয়ংক্রিয় পাম্পের মতো দেহের ভিতরে সব সময় ছন্দের হারে স্পন্দিত হয়। এই স্পন্দনই হলো হার্ট-বিট।

**খ** O গ্রুপের ব্যক্তির রক্তকণিকায় উভয় প্রকার অ্যান্টিজেন অর্থাৎ A ও B অনুপস্থিত। এজন্য তাদের রক্ত যেকোনো গ্রহীতা গ্রহণ করতে পারে। কারণ দাতার রক্তে কোনো অ্যান্টিজেন না থাকলে গ্রহীতার (A, B বা AB) রক্তের অ্যান্টিবডি সাথে কোনো বিক্রিয়া করে না। অন্য যেকোনো গ্রুপকে রক্তদান করতে পারে বলে O গ্রুপকে সর্বজনীন দাতা বলা হয়।

**গ** উদ্দীপকের চিত্রের অঙ্গটি মানবদেহের হৃৎপিণ্ড। মানব হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠবিশিষ্ট। উপরের প্রকোষ্ঠ দুটিকে যথাক্রমে ডান ও বাম অলিন্দ এবং নিচের প্রকোষ্ঠ দুটিকে ডান ও বাম নিলয় বলে। এ প্রকোষ্ঠগুলোর সংকোচন ও প্রসারণের ফলেই হৃৎপিণ্ডে রক্ত সঞ্চালন হয়ে থাকে।

এক্ষেত্রে হৃৎপিণ্ডের সংকোচন হলে হৃৎপিণ্ড থেকে রক্ত ধমনি পথে দেহের বিভিন্ন অংশে সঞ্চারিত হয়। আবার হৃৎপিণ্ডে যখন প্রসারণ ঘটে তখন দেহের বিভিন্ন অঙ্গ থেকে রক্ত শিরা পথে হৃৎপিণ্ডে প্রবেশ করে। হৃৎপিণ্ডের প্রসারণ অবস্থায় দেহের উর্ধ্বাঙ্গ থেকে উর্ধ্ব মহাশিরা, নিম্নাঙ্গ থেকে নিম্ন মহাশিরা পথে কার্বন ডাই অক্সাইডযুক্ত রক্ত প্রথমে ডান অলিন্দে প্রবেশ করে। অপর পক্ষে ফুসফুসীয় শিরা ফুসফুস থেকে অক্সিজেনযুক্ত বিশুদ্ধ রক্ত প্রথমে বাম অলিন্দে বহন করে নিয়ে আসে। বাম অলিন্দ থেকে বাম নিলয়ে ঐ রক্ত পরে প্রবেশ করে। নিলয়দ্বয় রক্তপূর্ণ হলে সংকুচিত হয় এবং নিলয়ে রক্তের চাপ বেড়ে যাওয়ার কারণে অলিন্দ নিলয় কপাটিকা যথা দ্বিপত্রী ও ত্রিপত্রী কপাটিকা বন্ধ হয়ে যায় এবং অর্ধচন্দ্রাকৃতি কপাটিকাগুলো খুলে যায়। ফলে ডান নিলয় থেকে ফুসফুসীয় ধমনি পথে দূষিত রক্ত ফুসফুসে এবং বাম নিলয় থেকে বিশুদ্ধ রক্ত মহাধমনিতে প্রবেশ করে এবং দেহের বিভিন্ন অংশে চলে যায়। নিলয়দ্বয়ের সংকোচন অবস্থায় অলিন্দদ্বয়ের প্রসারণ ঘটে, ফলে রক্ত আবার অলিন্দে প্রবেশ করে।


এভাবে অলিন্দ ও নিলয়ের সংকোচন এবং প্রসারণের ফলে হৃৎপিণ্ডে রক্ত সঞ্চারিত হয়।

**ঘ** উদ্দীপকের চিত্রে প্রদর্শিত অঙ্গটি মানব হৃৎপিণ্ড। এটি মানবদেহের গুরুত্বপূর্ণ অঙ্গ। কিছু নিয়ম মেনে চলে একে সুস্থ রাখা সম্ভব। সঠিক পরিমাণে সুস্থ খাবার ও পরিমিত আহার প্রণালি ও জীবন প্রণালি অনুসরণ করে হৃদযন্ত্রকে ঠিক রাখা যায়।

দেহের উচ্চতা ও বয়স অনুসারে কাঙ্ক্ষিত ওজন বজায় রাখতে হবে। দেহের ওজন বৃদ্ধি পেলে হৃৎপিণ্ড দুর্বল হয়ে পড়ে। প্রাণিজ ও উদ্ভিজ্জ প্রোটিন মিশ্রিত খাবার খেতে হবে। শর্করা, মিষ্টি ও স্নেহজাতীয় খাদ্যের পরিমাণ নিয়ন্ত্রিত রাখতে হবে। শাকসবজি ও আঁশ জাতীয় খাবার বেশি খেতে হবে। উদ্ভিজ্জ তেল গ্রহণ করার চেষ্টা করতে হবে। মাছ বেশি খেতে হবে। সামুদ্রিক মাছের তেল রক্তের কোলেস্টেরল কমায়। ফলে খাদ্য তালিকায় সামুদ্রিক মাছ থাকা ভালো। ভিটামিন ও খনিজ লবণের চাহিদা সুস্থ খাদ্যে যা আছে তাই গ্রহণ করতে হবে। খাবার লবণের পরিমাণ নিয়ন্ত্রণে আনতে হবে। রসুন, তেঁতুল, ভিটামিন সি সমৃদ্ধ ফল ও অন্যান্য ফল নিয়মিত খেতে হবে।

উপরোক্ত আলোচনার মতো, নিয়মিত ও পরিমিত সুস্থ খাবার ও নিয়ন্ত্রিত জীবন যাপনই পারে হৃদযন্ত্র নামক অঙ্গটিকে সুস্থ ও সচল রাখতে।

### প্রশ্ন ৫



◀ শিখনফল-১/য. বো. ২০১৬/

- ক. রক্তকণিকা কী? ১  
খ. সর্বজনীন গ্রহীতা বলতে কী বোঝায়? ২  
গ. উদ্দীপকের 'ক' উপাদানটির কাজ ব্যাখ্যা করো। ৩  
ঘ. মানবদেহের সুস্থতার জন্য 'খ' উপাদানটির উপস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** রক্তরসের মধ্যে ছড়ানো বিভিন্ন রকমের কোষকে রক্তকণিকা বলে।

**খ** AB গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলা হয়। কারণ AB গ্রুপের প্লাজমায় অ্যান্টিবডি A বা অ্যান্টিবডি B কোনোটিই থাকে না। AB গ্রুপের ব্যক্তি AB, A, B গ্রুপ ও O গ্রুপের দাতাদের রক্ত গ্রহণ করতে পারে। কারণ, AB গ্রুপের অ্যান্টিবডি না থাকার কারণে A ও B রক্ত গ্রুপের অ্যান্টিজেন গ্রহীতার (AB) রক্তের সাথে কোনো বিক্রিয়া করে না। এ কারণে AB গ্রুপের ব্যক্তিদেরকে সর্বজনীন গ্রহীতা বলা হয়।

**গ** উদ্দীপকে 'ক' উপাদানটি রক্তরস। রক্তরসের প্রায় ৯০% পানি, বাকি ১০% রক্তরসের মধ্যে বিভিন্ন রকমের জৈব ও অজৈব পদার্থ দ্রবীভূত অবস্থায় থাকে।

রক্তরস মানুষের দেহে অনেক গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পাদনে সহায়তা করে। রক্তকণিকাসহ রক্তরসে দ্রবীভূত খাদ্যসার রক্তরসের মাধ্যমে দেহের বিভিন্ন অংশে বাহিত হয়। টিস্যু থেকে বর্জ্য পদার্থ নির্গত করে রেচনের জন্য বৃক্ষে পরিবহন করে। পাশাপাশি শ্বসনের ফলে কোষে সৃষ্ট CO<sub>2</sub> কে বাইকার্বনেট হিসেবে ফুসফুসে পরিবহন করে। এছাড়াও হরমোন, এনজাইম, লিপিড প্রভৃতি পরিবহন করে। রক্তে অম্ল-ক্ষারের ভারসাম্য রক্ষা করার কাজটিও রক্তরস নিশ্চিত করে।

**ঘ** উদ্দীপকের রেখাচিত্রের খ অংশটি রক্তকণিকা। মানুষের দেহে তিন ধরনের রক্তকণিকা রয়েছে। এগুলো হলো— লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং অণুচক্রিকা। এসব রক্তকণিকা মানবদেহে বিভিন্ন ধরনের কাজ সম্পাদন করে। লোহিত রক্তকণিকা দেহের প্রতিটি কোষে অক্সিজেন সরবরাহ করে। নিশ্বাসনের জন্য কিছু পরিমাণ কার্বন ডাইঅক্সাইড টিস্যু থেকে লোহিত কণিকা ফুসফুসে বহন করে। লোহিত কণিকার হিমোগ্লোবিন রক্তের অম্ল-ক্ষারের সমতা বজায় রাখার জন্য বাফার হিসেবে কাজ করে। আবার শ্বেত রক্তকণিকা লিম্ফোসাইট অ্যান্টিবডি গঠন করে এবং এই অ্যান্টিবডি দ্বারা দেহে প্রবেশকৃত রোগ জীবাণু ধ্বংস করে। মনোসাইট ও নিউট্রোফিল ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে। ইওসিনোফিল ও বেসোফিল হিস্টামিন নামক পদার্থ নিঃসৃত করে দেহে এলার্জি প্রতিরোধ করে। বেসোফিল হেপারিন নিঃসৃত করে রক্তবাহিকায় রক্তের জমাট বাঁধতে বাধা দেয়। অণুচক্রিকা শরীরের কোনো ক্ষতস্থান হতে রক্তক্ষরণ হলে অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। ফলে রক্তক্ষরণ বন্ধ হয়। বিভিন্ন সংকোচনধর্মী পদার্থ ক্ষরণের মাধ্যমে রক্তবাহিকার সংকোচন ঘটিয়ে এ কণিকা রক্তপাত বন্ধে সাহায্য করে। রক্ত জালিকার ক্ষতিগ্রস্ত এন্ডোথেলিয়াল আবরণ পুনর্গঠনে অণুচক্রিকা অংশ নেয়।

রক্তকণিকাসমূহের উপরোক্ত কর্মকাণ্ডগুলো যথাযথভাবে সম্পাদনের ফলেই মানবদেহ সুস্থ থাকে। কিন্তু এসব রক্তকণিকার যেকোনোটির অনুপস্থিতিতেই মানবদেহ অসুস্থ হয়ে পড়বে। দেহের অনেক কার্যক্রম বন্ধ হয়ে যাবে। কাজেই 'মানবদেহের সুস্থতার জন্য রক্তকণিকার উপস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ'— উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ৬** নাটোরের গৃহিণী জোবাইদা বেগম এখন আগের মত কাজকর্ম করতে পারছে না। সামান্য পরিশ্রমে সে ক্লান্তি ও দুর্বলতা অনুভব করছে। সাধ্যমত খাবার খাওয়ার পরও ওজন কমে যাচ্ছে, রাতে এখন বেশ কয়েকবার প্রস্রাব হয়। সেইদিন ছাদের সিঁড়ি বেয়ে উঠতে গিয়ে পা পিছলে পড়ে পায়ের ক্ষত সৃষ্টি হলে তা সহজে শুকাচ্ছে না। একদিন হঠাৎ মাথা ঘুরে পড়ে গেলে এক আত্মীয় তাকে ডাক্তারের কাছে নিলে ডাক্তার পরীক্ষা-নিরীক্ষা করে এক ধরনের দীর্ঘস্থায়ী রোগের কথা এবং খাবার নিয়ন্ত্রণসহ বেশ কিছু উপদেশ দিল।

◀ শিখনফল-১১/ব. বো. ২০১৬/

- |   |   |
|---|---|
| ক. ধমনি কাকে বলে?   | ১ |
| খ. Rh ফ্যাক্টর বলতে কী বোঝায়?  | ২ |
| গ. জোবাইদা বেগমের রোগটি আরো অনেক জটিল রোগের কারণ হতে পারে — তা বর্ণনা করো।  | ৩ |
| ঘ. ডাক্তার জোবাইদা বেগমকে উক্ত রোগ নিয়ন্ত্রণের জন্য কী কী উপদেশ দিতে পারে বলে মনে কর, তা যুক্তিসহকারে উপস্থান করো। | ৪ |

#### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** যেসব রক্তনালির মাধ্যমে হৃৎপিণ্ড থেকে অক্সিজেনসমৃদ্ধ রক্ত দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাকে ধমনি বলে।

**খ** Rh ফ্যাক্টর রেসাস নামক বানরের লোহিত রক্তকণিকায় অবস্থিত এক ধরনের অ্যান্টিজেন। রেসাস বানরের নাম অনুসারে এ অ্যান্টিজেনকে রেসাস ফ্যাক্টর সংক্ষেপে Rh ফ্যাক্টর বলে। যেসব মানুষের রক্তে Rh ফ্যাক্টর উপস্থিত, তাদের Rh<sup>+</sup> (Rh পজেটিভ) এবং যাদের রক্তে Rh ফ্যাক্টর অনুপস্থিত তাদের Rh<sup>-</sup> (Rh নেগেটিভ) বলে।

**গ** জোবাইদা বেগমের উদ্দীপকে বর্ণিত রোগের লক্ষণ দেখে বলা যায় যে, তিনি বহুমূত্র বা ডায়াবেটিস রোগে আক্রান্ত। এ রোগটি এক প্রকার বিপাকজনিত রোগ। মানবদেহের রক্তে গ্লুকোজের স্বাভাবিক মাত্রা ৮০-১২০ মি.গ্রা/ডেসি.লি এর বেশি হলে তখন তাকে ডায়াবেটিস রোগ বলা হয়। এ রোগটি অন্যান্য অনেক রোগের কারণ হতে পারে।

ডায়াবেটিস রোগে আক্রান্ত রোগীর হৃদযন্ত্রের রক্তপ্রবাহ রোগের ওপর পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে। ডায়াবেটিস রক্তে শর্করার পরিমাণ বেশি থাকায় এটি দেহের বিভিন্ন অঙ্গের যেমন হৃৎপিণ্ড, বৃক্ক, চোখ ইত্যাদির স্বাভাবিক কাজে বাধা সৃষ্টি করে। দেখা গেছে, ডায়াবেটিস রোগীদের করোনারি হৃদরোগ হওয়ার প্রবণতা বেশি থাকে। এতে হৃৎপিণ্ড অচল হয়ে যায় এবং রোগীর স্ট্রোক হয়ে মারা যায়। এছাড়া দীর্ঘস্থায়ী ডায়াবেটিস রোগে রক্তচাপ বেড়ে যায় এবং এর থেকে উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন হয়। উচ্চ রক্তচাপ করোনারি হৃদরোগের পূর্ব লক্ষণ। ডায়াবেটিস রোগীদের রক্তে শর্করার মাত্রা দীর্ঘদিন অনিয়ন্ত্রিত থাকলে করোনারি হৃদরোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা খুবই বেশি। সুতরাং, আলোচনার ভিত্তিতে আমরা বলতে পারি, জোবাইদা বেগমের হওয়া ডায়াবেটিস রোগটি অন্যান্য অনেক জটিল রোগের কারণ হতে পারে।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত লক্ষণ অনুসারে, জোবাইদা বেগমের বহুমূত্র রোগ হয়েছে। এ রোগ নিয়ন্ত্রণে রাখার জন্য শৃঙ্খলা মেনে চলার কোন বিকল্প নেই। ডাক্তার সাহেব তাকে শৃঙ্খলা ও খাদ্য নিয়ন্ত্রণের পাশাপাশি ওষুধ সেবনের পরামর্শ দিতে পারেন।

নিচে এগুলো ব্যাখ্যা করা হলো—

**খাদ্য নিয়ন্ত্রণ :** জোবাইদা বেগমের ওজন বেশি হলে তাকে ওজন স্বাভাবিক না হওয়া পর্যন্ত খাদ্যদ্রব্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী খেতে হবে। তার একটুও চিনি বা মিষ্টি খাওয়া চলবে না। এমন খাবার তার খাওয়া উচিত যা প্রোটিনসমৃদ্ধ (গাঢ় সবুজ রঙের শাক-সবজি, বরবটি,

মাশরুম, বাদাম, ডিম, মাছ, চর্বি ছাড়া মাংস ইত্যাদি) আর যাতে শ্বেতসার কম থাকে।

**ওষুধ সেবন :** জোবাইদা বেগমকে খাদ্য নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা মেনে চলতে হবে। অনেক ক্ষেত্রে বয়স্ক রোগীদের এ দু'টি নিয়ম যথাযথভাবে পালন করলে রোগ নিয়ন্ত্রণে এসে যায়। কিন্তু ইনসুলিন নির্ভর রোগীদের ক্ষেত্রে ইনসুলিন ইনজেকশনের দরকার হয়।

**জীবন শৃঙ্খলা :** শৃঙ্খলা বহুমূত্র রোগীর জীবন কাঠি। তাকে বিশেষ নজর দিতে হবে নিম্নোক্ত বিষয়ে—

- নিয়মিত ও পরিমাণমতো সুস্বাদু খাবার খেতে হবে।
- নিয়মিত ও পরিমাণমতো ব্যায়াম করতে হবে।
- নিয়মিত প্রসাব পরীক্ষা এবং ফলাফল লিখে রাখতে হবে।
- মিষ্টি খাওয়া সম্পূর্ণ ছাড়তে হবে।

বহুমূত্র রোগ সম্পূর্ণভাবে নিরাময়যোগ্য রোগ নয় বলেই ডাক্তার সাহেব জোবাইদা বেগমকে শৃঙ্খলা পালন ও খাদ্য নিয়ন্ত্রণের পাশাপাশি নিয়মিত ওষুধ সেবনের পরামর্শ দিয়েছিলেন।

**প্রশ্ন ৭** হঠাৎ দুর্ঘটনায় পড়ে শাহীনের অনেক রক্তক্ষরণ হয়। হাসপাতালে নেওয়ার পর ডাক্তার শাহীনের রক্ত পরীক্ষা করে দেখলেন তার রক্তে কোনো অ্যান্টিজেন নেই। তার ছোট ভাই তাকে রক্ত দিতে চাইলে দেখা গেল তার রক্তে কোনো অ্যান্টিবিডি নেই।

◀ শিখনফল-১ ও ৩/দি. বো.- ২০১৫/

- |  |   |
|--|---|
| ক. প্লাজমা কী?   | ১ |
| খ. হাট-বিট বলতে কী বোঝায়?   | ২ |
| গ. শাহীনের দেহ থেকে ক্ষরিত উপাদানের কাজ বর্ণনা করো।                      | ৩ |
| ঘ. শাহীন কি তার ভাইয়ের রক্ত গ্রহণ করতে পারবে? যুক্তিসহ তোমার মতামত দাও। | ৪ |

#### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** প্লাজমা হলো প্রায় ৯০% পানি ও ১০% বিভিন্ন রকমের জৈব ও অজৈব পদার্থ সমৃদ্ধ রক্তের তরল অংশ।

**খ** হৃৎপিণ্ড একটি পাম্প যন্ত্রের মতো। এটি স্বয়ংক্রিয় পাম্পের মতো দেহের ভিতরে সর্বক্ষণ ছন্দের হারে স্পন্দিত হয়। হৃৎপিণ্ডের এই স্পন্দনকে হৃদস্পন্দন বা হাট-বিট বলে। এই হৃদস্পন্দনের মাধ্যমে হৃৎপিণ্ড আমাদের শরীরে রক্ত প্রবাহিত করে।

**গ** শাহীনের দেহ থেকে ক্ষরিত উপাদান হলো রক্ত। নিচে রক্তের কাজ বর্ণনা করা হলো :

**স্বাসকার্য :** রক্ত অক্সিজেনকে ফুসফুস থেকে টিস্যু কোষে এবং টিস্যু কোষ থেকে কার্বন-ডাই-অক্সাইডকে ফুসফুসে পরিবহন করে। লোহিত কণিকা ও রক্তরস প্রধানত এ কাজটি করে।

**হরমোন পরিবহন :** অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হরমোন দেহের বিভিন্ন অংশে পরিবহন করে।

**খাদ্যসার পরিবহন :** দেহের সঞ্চার ভাণ্ডার থেকে এবং পরিপাককৃত খাদ্যসার দেহের টিস্যু কোষগুলোতে বহন করে।

**বর্জ্য পরিবহন :** নাইট্রোজেনঘটিত বর্জ্য পদার্থগুলোকে বৃক্ক পরিবহন করে।

**উষ্ণতা নিয়ন্ত্রণ :** দেহে তাপের বিস্তৃতি ঘটিয়ে দেহের নির্দিষ্ট তাপমাত্রা নিয়ন্ত্রণ করে।

**রোগ প্রতিরোধ:** দেহে রোগজীবাণু প্রবেশ করলে রক্তের মনোসাইট ও নিউট্রোফিল শ্বেত কণিকা ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে জীবাণুকে গ্রাস করে ধ্বংস করে। লিম্ফোসাইট শ্বেত কণিকা অ্যান্টিবিডি গঠন করে দেহের ভিতরের জীবাণুকে ধ্বংস করে এবং বাইরে থেকে জীবাণু দ্বারা আক্রমণকে প্রতিহত করে।

**ঘ** শাশ্বিনের রক্তে কোনো অ্যান্টিজেন নেই। সুতরাং তার রক্তের গ্রুপ O। আবার, শাশ্বিনের ছোট ভাইয়ের রক্তে কোনো অ্যান্টিবডি নেই। সুতরাং তার রক্তের গ্রুপ AB।

O গ্রুপের রক্তের লোহিত কণিকায় অ্যান্টিবডি-A এবং অ্যান্টিবডি-B রয়েছে। অপরদিকে AB রক্তের গ্রুপে A, B অ্যান্টিজেন রয়েছে। তাই AB রক্ত O গ্রুপধারী ব্যক্তির দেহে প্রবেশ করানো হলে A অ্যান্টিজেন অ্যান্টিবডি-A এর সাথে বিক্রিয়া করে এবং B অ্যান্টিজেন অ্যান্টিবডি-B এর সাথে বিক্রিয়া করে রক্ত গুচ্ছবন্ধ করে ফেলবে, এতে O গ্রুপধারী ব্যক্তি মৃত্যুবরণ করবে। অর্থাৎ AB গ্রুপের রক্ত কেবল AB গ্রুপধারী ব্যক্তির দেহে প্রবেশ করানো যায়। অন্যকথায়, AB হলো সর্বজনীনগ্রহীতা আর O হলো সর্বজনীনদাতা। এ কারণেই শাশ্বিন তার ভাইয়ের রক্ত গ্রহণ করতে পারবে না।

**প্রশ্ন ৮** শিবলীর বাবা প্রতিদিন সকাল বিকাল ১ ঘন্টা করে হাঁটেন। শিবলী তার বাবার কাছে হাঁটার কারণ জানতে চাইল। বাবা ছেলেকে বললেন আমার শরীরে এমন একটি রোগ হয়েছে, যার একমাত্র চিকিৎসা হচ্ছে সকাল-বিকাল ব্যায়াম এবং নিয়মমাফিক খাদ্য গ্রহণ।

◀ শিখনফল-১১/কৃ. বো.-২০১৫/

- ক. LDL-এর পূর্ণ নাম কী? ১  
খ. রক্ত জমাট বাঁধা অণুচক্রিকার প্রধান কাজ— বুঝিয়ে লিখ। ২  
গ. উদ্দীপকে উল্লিখিত রোগের লক্ষণগুলি ব্যাখ্যা করো। ৩  
ঘ. “নিয়ম-শৃঙ্খলা মেনে চলাই উক্ত রোগ নিয়ন্ত্রণের চাবিকাঠি”— বিশ্লেষণ করো। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** LDL এর পূর্ণ নাম হলো Low Density Lipoprotein.

**খ** অণুচক্রিকার প্রধান কাজ হলো রক্ত তঞ্চন করতে সাহায্য করা। যখন কোনো রক্তবাহিকা বা কোনো টিস্যু আঘাতপ্রাপ্ত হয়ে কেটে যায়, তখন সে স্থানের অণুচক্রিকাগুলো ভেঙে যায় এবং থ্রম্বোপ্লাস্টিন নামক পদার্থ সৃষ্টি করে। এ পদার্থগুলো রক্তের আমিষ প্রোথ্রমবিনকে থ্রমবিনে পরিণত করে। থ্রমবিন পরবর্তীতে রক্তরসের প্রোটিন-ফাইব্রিনোজেনকে ফাইব্রিন জালকে পরিণত করে রক্তের তঞ্চন ঘটায়। ফাইব্রিন এক ধরনের অদ্রবণীয় প্রোটিন, যা দ্রুত সূতার মতো জালিকা প্রস্তুত করে। এটি ক্ষত স্থানে জমাট বাঁধে এবং রক্তক্ষরণ বন্ধ করে। সুতরাং রক্ত জমাট বাঁধা অণুচক্রিকার প্রধান কাজ।

**গ** শিবলীর বাবার লক্ষণগুলো দেখে বুঝা যায় যে, তার বহুমূত্র রোগ হয়েছে। বহুমূত্র এক প্রকার বিপাকজনিত রোগ। মানবদেহের রক্তে গ্লুকোজের স্বাভাবিক মাত্রা বৃদ্ধি পেলে এ রোগের লক্ষণসমূহ প্রকাশ পায়। বহুমূত্র রোগের লক্ষণসমূহ হলো—

- ঘন ঘন প্রস্রাব হওয়া, বিশেষ করে রাতে।
  - খুব বেশি পিপাসা লাগা।
  - বেশি ক্ষিদে পাওয়া এবং অতিমাত্রায় শারীরিক দুর্বলতা অনুভব করা।
  - যথেষ্ট খাওয়া সত্ত্বেও ওজন কমে যাওয়া।
  - সামান্য পরিশ্রমে ক্লান্ত হয়ে যাওয়া এবং দুর্বল অনুভব করা।
  - চামড়া শুকিয়ে যাওয়া।
  - চোখে ঝাপসা দেখা।
  - শরীরের কোথাও ক্ষতের সৃষ্টি হলে দেরিতে শুকানো ইত্যাদি।
- বহুমূত্র রোগটিতে আক্রান্ত হলে দেহের বিভিন্ন অঙ্গ, যেমন- হৃৎপিণ্ড, বৃক্ক, চোখ ইত্যাদির স্বাভাবিক কাজে বাঁধা সৃষ্টি হয়। এ রোগে আক্রান্তদের করোনায় হৃদরোগ হওয়ার প্রবণতা বেশি।

**ঘ** শিবলীর বাবার বহুমূত্র রোগ হয়েছে। এ রোগ নিয়ন্ত্রণে রাখার জন্য শৃঙ্খলা মেনে চলার কোন বিকল্প নেই। শৃঙ্খলা ও খাদ্য নিয়ন্ত্রণের পাশাপাশি ওষুধ সেবনের মাধ্যমে এ রোগ নিয়ন্ত্রণে রাখা যায়।


নিচে এগুলো ব্যাখ্যা করা হলো—

**খাদ্য নিয়ন্ত্রণ :** শিবলীর বাবার ওজন বেশি হলে তাকে ওজন স্বাভাবিক না হওয়া পর্যন্ত খাদ্যদ্রব্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী খেতে হবে। তার একটুও চিনি বা মিষ্টি খাওয়া চলবে না। এমন খাবার তার খাওয়া উচিত যা প্রোটিনসমৃদ্ধ (গাঢ় সবুজ রঙের শাক-সবজি, বরবটি, মাশরুম, বাদাম, ডিম, মাছ, চর্বি ছাড়া মাংস ইত্যাদি) আর যাতে শ্বেতসার কম থাকে।

**ওষুধ সেবন :** শিবলীর বাবাকে খাদ্য নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা মেনে চলতে হবে। অনেক ক্ষেত্রে বয়স্ক রোগীদের এ দু'টি নিয়ম যথাযথভাবে পালন করলে রোগ নিয়ন্ত্রণে এসে যায়। কিন্তু ইনসুলিন নির্ভর রোগীদের ক্ষেত্রে ইনসুলিন ইনজেকশনের দরকার হয়।

বহুমূত্র রোগ সম্পূর্ণভাবে নিরাময়যোগ্য নয়। তাই উপরোল্লিখিত নিয়ম শৃঙ্খলার মাধ্যমে এটি নিয়ন্ত্রণ করতে হয়। অর্থাৎ নিয়ম শৃঙ্খলা মেনে চলাই উক্ত রোগ নিয়ন্ত্রণের চাবিকাঠি।

### প্রশ্ন ৯



◀ শিখনফল-৬/চ. বো.-২০১৫/

- ক. রোগ জীবাণু ধ্বংসকারী রক্ত কণিকার নাম কী? ১  
খ. মানুষের রক্তের গ্রুপ জানা প্রয়োজন কেন? ২  
গ. A এর গঠন বর্ণনা করো। ৩  
ঘ. রক্ত পরিবহনে B ও C এর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** রোগজীবাণু ধ্বংসকারী রক্ত কণিকার নাম শ্বেতকণিকা।

**খ** এক ব্যক্তির দেহ থেকে রক্ত অন্য ব্যক্তির দেহে প্রদান করতে হলে উভয় ব্যক্তির রক্ত সমবিভাগের হতে হবে। পরীক্ষাগারে মানবদেহের বাইরে দাতা ও গ্রহীতার রক্ত মিশ্রিত করে দেখা গিয়েছে যে, কোনো কোনো ক্ষেত্রে দাতা ও গ্রহীতা উভয়ের রক্ত স্বাভাবিকভাবে না মিশে রক্তকণিকাগুলো গুচ্ছবন্ধ হয়। এতে সংশ্লিষ্ট ব্যক্তির মৃত্যুবরণের সম্ভাবনা রয়েছে। এ কারণেই মানুষের রক্তের গ্রুপ জানা প্রয়োজন।

**গ** উদ্দীপকে উল্লিখিত A হলো মানবদেহের হৃৎপিণ্ড। মানুষের হৃৎপিণ্ডটি বক্ষগহ্বরে ফুসফুস দুটির মাঝখানে এবং মধ্যচ্ছদার উপরে অবস্থিত। হৃৎপিণ্ডের প্রশস্ত প্রান্তটি উপরের দিকে এবং ছুঁচালো প্রান্তটি নিচের দিকে বিন্যস্ত থাকে। হৃৎপিণ্ডটি দ্বিস্তরী পেরিকার্ডিয়াম পর্দা দ্বারা বেষ্টিত থাকে। উভয় স্তরের মাঝে পেরিকার্ডিয়াল ফ্লুইড থাকে যা হৃৎপিণ্ডকে সংকোচনে সাহায্য করে। মানুষের হৃৎপিণ্ডটি চার প্রকোষ্ঠবিশিষ্ট। উপরের প্রকোষ্ঠ দুটি যথাক্রমে ডান ও বাম অলিন্দ এবং নিচের প্রকোষ্ঠ দুটি যথাক্রমে ডান ও বাম নিলয় নামে পরিচিত। অলিন্দ দুটি আন্তঃঅলিন্দ পর্দা দিয়ে এবং নিলয় দুটি আন্তঃনিলয় পর্দা দিয়ে পৃথক থাকে। অলিন্দের প্রাচীর পাতলা এবং

নিলয়ের প্রাচীর পুরু ও পেশিবহুল। ডান অলিন্দ ও ডান নিলয়ের মধ্যে ডান অলিন্দ-নিলয় ছিদ্র থাকে। ঐ ছিদ্রপথ ট্রাইকাসপিড বা ত্রিপত্রী কপাটিকা যুক্ত। অনুবুপভাবে বাম অলিন্দ ও বাম নিলয়ের মধ্যে বাম অলিন্দ নিলয় ছিদ্রপথ বাইকাসপিড বা দ্বিপত্রী কপাটিকা যুক্ত। কপাটিকা থাকার ফলে ডান অলিন্দে উর্ধ্ব মহাশিরা ও নিম্ন মহাশিরা, বাম অলিন্দে ফুসফুসীয় শিরা যুক্ত থাকে। এছাড়া ডান নিলয়ে ফুসফুসীয় ধমনি ও বাম নিলয়ে মহাধমনির উৎপত্তি হয়।

**ঘ** উদ্দীপকে B ধমনি এবং C শিরাকে নির্দেশ করে। মানবদেহে ধমনি ও শিরার মাধ্যমেই রক্ত পরিবাহিত হয়।


যেসব রক্তনালির মাধ্যমে রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয়, তাকে ধমনি বা অ্যাটারি বলে। ধমনির প্রাচীর পুরু এবং তিনটি স্তরে গঠিত। এদের গহ্বর ছোট। ধমনিতে কোনো কপাটিকা থাকে না। ফলে ধমনি দিয়ে রক্ত বেগে প্রবাহিত হয়।

ধমনির স্পন্দন আছে। ধমনি দেহের বিভিন্ন অংশে ক্ষুদ্র ক্ষুদ্র শাখা-প্রশাখায় বিভক্ত হয়; এদের শাখা ধমনি বা অ্যাটারিওল বলে। এগুলো ক্রমশ শাখা-প্রশাখায় বিভক্ত হয়ে অবশেষে সূক্ষ্মাতিসূক্ষ্ম কৈশিক জালিকায় শেষ হয়। এভাবে ধমনি হৃৎপিণ্ড থেকে শুরু হয়ে কৈশিক জালিকায় শেষ হয়। ধমনির মাধ্যমে হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে অক্সিজেনযুক্ত রক্ত পরিবাহিত হয়। তবে পালমোনারি ধমনি কার্বন ডাই-অক্সাইড যুক্ত রক্ত হৃৎপিণ্ড থেকে ফুসফুসে নিয়ে আসে।

যেসব রক্তনালির মাধ্যমে সাধারণত কার্বন ডাই-অক্সাইড সমৃদ্ধ রক্ত দেহের বিভিন্ন অঙ্গ থেকে হৃৎপিণ্ডে বহন করে নিয়ে আসে, তাদের শিরা বলে। তবে পালমোনারি নামে শিরাটি ফুসফুস থেকে অক্সিজেন সমৃদ্ধ রক্ত হৃৎপিণ্ডে নিয়ে আসে। শিরার প্রাচীর ধমনির মতো ৩টি স্তরে গঠিত হলেও প্রাচীর বেশ পাতলা ও গহ্বর বড়। শিরায় কপাটিকা থাকায় শিরা দিয়ে রক্ত ধীরে ধীরে একমুখে প্রবাহিত হয়।

ধমনি প্রান্তের কৌশিক জালিকাগুলো ক্রমশ একত্রিত হয়ে প্রথমে সূক্ষ্ম শিরা বা উপশিরা গঠন করে। উপশিরাগুলো পরস্পর মিলিত হয়ে পরে শিরা গঠন করে। কতগুলো শিরা মিলে মহাশিরা গঠন করে। এভাবে শিরা কৈশিক জালিকা থেকে শুরু হয় এবং হৃৎপিণ্ডে শেষ হয়।

### প্রশ্ন ১০



◀ শিখনফল-৬/সি. বো.-২০১৫/

- ক. হাট অ্যাটাক কাকে বলে? ১
- খ. রক্তচাপ বলতে কী বোঝায়? ২
- গ. প্রবাহ চিত্রটি বর্ণনা করো। ৩
- ঘ. চিত্রের [A] ও [V] অঙ্গাণু দুটির মধ্যকার বৈসাদৃশ্যসমূহ বিশ্লেষণ করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** হৃৎপিণ্ডের করোনারি ধমনি কোনো কারণে বন্ধ হয়ে গেলে হৃৎপেশির রক্ত সরবরাহ বন্ধ হয়ে গিয়ে যে রোগ সৃষ্টি হয় তাকে হাট অ্যাটাক বলে।

**খ** হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণের ফলে হৃৎপিণ্ড থেকে রক্ত ধমনির মধ্য দিয়ে প্রবাহকালে ধমনি প্রাচীরে যে পার্শ্বচাপ সৃষ্টি করে, তাকে রক্ত চাপ বলে। তাই রক্ত চাপ বলতে সাধারণভাবে ধমনির রক্ত চাপকেই বোঝায়। রক্তচাপ হৃৎপিণ্ডের কার্যকারিতা, ধমনির প্রাচীরের স্থিতিস্থাপকতা এবং রক্তের ঘনত্ব ও পরিমাণের সঙ্গে সম্পর্কিত।

**গ** উদ্দীপকের প্রবাহচিত্রটি দ্বারা হৃৎপিণ্ডের রক্ত সঞ্চালন দেখানো হয়েছে। মানব হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠবিশিষ্ট। উপরের প্রকোষ্ঠ দুটিকে যথাক্রমে ডান ও বাম অলিন্দ এবং নিচের প্রকোষ্ঠ দুটিকে ডান ও বাম নিলয় বলে। এ প্রকোষ্ঠগুলোর সংকোচন ও প্রসারণের ফলেই হৃৎপিণ্ডে রক্ত সঞ্চালন হয়ে থাকে।

এক্ষেত্রে হৃৎপিণ্ডের সংকোচন হলে হৃৎপিণ্ড থেকে রক্ত ধমনি পথে দেহের বিভিন্ন অংশে সঞ্চারিত হয়। আবার হৃৎপিণ্ডে যখন প্রসারণ ঘটে তখন দেহের বিভিন্ন অঙ্গ থেকে রক্ত শিরা পথে হৃৎপিণ্ডে প্রবেশ করে আবার হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অঙ্গে সঞ্চারিত হয়। হৃৎপিণ্ডের প্রসারণ অবস্থায় দেহের উর্ধ্বাঙ্গ থেকে উর্ধ্ব মহাশিরা, নিম্নাঙ্গ থেকে নিম্ন মহাশিরা পথে কার্বন ডাই অক্সাইডযুক্ত রক্ত প্রথমে ডান অলিন্দে প্রবেশ করে। অপর পক্ষে ফুসফুসীয় শিরা ফুসফুস থেকে অক্সিজেনযুক্ত বিশুদ্ধ রক্ত প্রথমে বাম অলিন্দে বহন করে নিয়ে আসে। বাম অলিন্দ থেকে বাম নিলয়ে ঐ রক্ত পরে প্রবেশ করে। নিলয়দ্বয় রক্তপূর্ণ হলে সংকুচিত হয় এবং নিলয়ে রক্তের চাপ বেড়ে যাওয়ার কারণে অলিন্দ নিলয় কপাটিকা যথা দ্বিপত্রী ও ত্রিপত্রী কপাটিকা বন্ধ হয়ে যায় এবং অর্ধচক্রাকৃতি কপাটিকাগুলো খুলে যায়। ফলে ডান নিলয় থেকে ফুসফুসীয় ধমনি পথে দূষিত রক্ত ফুসফুসে এবং বাম নিলয় থেকে বিশুদ্ধ রক্ত মহাধমনিতে প্রবেশ করে এবং দেহের বিভিন্ন অংশে চলে যায়। নিলয়দ্বয়ের সংকোচন অবস্থায় অলিন্দদ্বয়ের প্রসারণ ঘটে, ফলে রক্ত আবার অলিন্দে প্রবেশ করে।

এভাবে অলিন্দ ও নিলয়ের সংকোচন এবং প্রসারণের ফলে হৃৎপিণ্ডে রক্ত সঞ্চারিত হয়।

**ঘ** উদ্দীপকের চিত্রে A নালিকাটি হলো ধমনি এবং V নালিকাটি হলো শিরা। ধমনির মাধ্যমে অক্সিজেন যুক্ত রক্ত হৃৎপিণ্ড হতে দেহের বিভিন্ন অংশে বাহিত হয়। অপরদিকে শিরার মধ্যে দিয়ে কার্বন ডাইঅক্সাইড যুক্ত রক্ত দেহের বিভিন্ন অংশ হতে হৃৎপিণ্ডে এসে পৌঁছায়। ধমনির প্রাচীর পুরু এবং তিনস্তরে গঠিত হলেও এদের প্রাচীর বেশ পাতলা। ধমনিতে কোনো কপাটিকা না থাকায় এবং গহ্বর ছোট হওয়ায় এদের মধ্যে দিয়ে রক্ত দ্রুত বেগে হৃৎপিণ্ড থেকে দেহের সকল অঙ্গ-প্রত্যঙ্গে প্রবাহিত হয়। অপরদিকে শিরায় কপাটিকা থাকায় ও গহ্বর বড় হওয়ায় এর মধ্যে দিয়ে রক্ত আস্তে আস্তে একমুখীভাবে হৃৎপিণ্ড থেকে CO<sub>2</sub> যুক্ত রক্ত ফুসফুসে নিয়ে আসে এবং পালমোনারি শিরা অক্সিজেন সমৃদ্ধ রক্ত ফুসফুস থেকে হৃৎপিণ্ডে নিয়ে আসে।

### প্রশ্ন ১১

নাম	রক্তের গ্রুপ
রিমু	A
রিতা	B
রতন	Rh <sup>+</sup>
মেরি	Rh <sup>-</sup>

◀ শিখনফল-৩/বি. বো.-২০১৫/

- ক. সিরাম কী? ১
- খ. রক্ত কীভাবে জমাট বাঁধে? ২
- গ. রিতা রিমুর রক্ত গ্রহণ করলে কী সমস্যা হতে পারে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. রতনকে বিয়ে করা মেরির জন্য ঝুঁকিপূর্ণ কেন? বিশ্লেষণ করো। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর

- ক** ফাইব্রিনোজেন বাদে রক্তরসের বাকি অংশই হলো সিরাম।
- খ** যখন কোনো রক্তবাহিকা বা কোনো টিস্যু আঘাতপ্রাপ্ত হয়ে কেটে যায়, তখন সে স্থানের অনুচক্রিকাগুলো ভেঙে যায় এবং থ্রম্বোপ্লাসটিন নামক পদার্থ সৃষ্টি করে। এ পদার্থগুলো রক্তের আমিষ প্রোথ্রমবিনকে প্রথমে পরিণত করে। প্রথমে পরবর্তীতে রক্তরসের প্রোটিন-ফাইব্রিনোজেনকে ফাইব্রিন জালকে পরিণত করে রক্ত জমাট বাঁধায়।
- গ** রিমুর রক্তের গ্রুপ A। এ রক্তে রয়েছে A অ্যান্টিজেন এবং অ্যান্টিবিডি-B। পক্ষান্তরে রিতার রক্তের গ্রুপ B। এ রক্তে রয়েছে B অ্যান্টিজেন এবং অ্যান্টিবিডি-A। রিতা রিমুর রক্ত গ্রহণ করলে, A গ্রুপের রক্তের অ্যান্টিবিডি-B গ্রুপের লোহিত কণিকাকে গুচ্ছবন্ধ করে জমিয়ে দেয়। অনুরূপভাবে B গ্রুপের রক্তের অ্যান্টিবিডি A গ্রুপের রক্তকে জমিয়ে দেয়। এতে রিতার মৃত্যুর ঝুঁকি রয়েছে।

**ঘ** রতনের রক্ত Rh<sup>+</sup> ফ্যাক্টরযুক্ত এবং মেরির রক্ত Rh<sup>-</sup> ফ্যাক্টরযুক্ত। বিয়ের আগে বর ও কনের রক্তের Rh ফ্যাক্টর সম্পর্কে জানা জরুরী। সন্তানসম্ভবা মহিলাদের ক্ষেত্রে Rh ফ্যাক্টর খুব গুরুত্বপূর্ণ। রতনের সাথে মেরির বিয়ে হলে তাদের প্রথম সন্তান হবে Rh<sup>+</sup> ফ্যাক্টরযুক্ত। লোহিত কণিকা অমরার মাধ্যমে রক্তে এসে পৌঁছাবে ফলে, মেরির রক্ত Rh<sup>-</sup> হওয়ায় তার রক্তরসে অ্যান্টি Rh ফ্যাক্টর (অ্যান্টিবিডি) উৎপন্ন হবে। অ্যান্টি Rh ফ্যাক্টর মেরির রক্ত থেকে অমরার মাধ্যমে ভ্রূণের রক্তে প্রবেশ করে ভ্রূণের লোহিত কণিকাকে ধ্বংস করবে। ফলে ভ্রূণ ও বিনষ্ট হবে এবং গর্ভপাত ঘটবে। এ অবস্থায় শিশু জীবিত থাকলেও তার দেহে প্রচণ্ড রক্তস্রাবতা এবং জন্মের পর জন্ডিস রোগ দেখা দিবে। যেহেতু Rh বিরোধী অ্যান্টিবিডি মাতৃদেহে খুব ধীরে ধীরে উৎপন্ন হয়, তাই মেরির প্রথম সন্তানের কোনো ক্ষতি হবে না এবং সুস্থ জন্মাবে। কিন্তু পরবর্তী গর্ভধারণ থেকে জটিলতা শুরু হবে এবং ভ্রূণ এতে মারা যাবে। তাই বিয়ের আগে হবু বর-কনের রক্ত পরীক্ষা করে নেওয়া উচিত এবং একই Rh ফ্যাক্টরযুক্ত দম্পতি হওয়া উচিত।

এ সকল কারণেই রতনকে বিয়ে করা মেরির জন্য ঝুঁকিপূর্ণ।

**প্রশ্ন ১২** মি. জামান সাহেব রক্ত শূন্যতার সমস্যা নিয়ে ডাক্তারের কাছে গেলেন। ডাক্তার তাকে রক্তের কিছু পরীক্ষা দিলেন। পরীক্ষায় প্রাপ্ত ফলাফল দেখে ডাক্তার জামান সাহেবের সিকিলসেল রোগ হয়েছে বলেন।

◀ পিখনফল-১ ও ৫

- ক. ধমনির কয় স্তর বিশিষ্ট? ১
- খ. কৈশিক জালিকা বলতে কী বোঝ? ২
- গ. মি. জামান সাহেবের রোগটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. রক্তের যে উপাদানের সমস্যার কারণে রোগটি হয় তার গঠন ও কাজ বর্ণনা করো। ৪


### ১২ নং প্রশ্নের উত্তর

- ক** ধমনির প্রাচীর তিনস্তর বিশিষ্ট।
- খ** ধমনি ও শিরার সংযোগস্থলে অবস্থিত কেবল এক স্তরবিশিষ্ট এন্ডোথেলিয়াম দিয়ে গঠিত যে সব সূক্ষ্ম রক্তনালি জালকের আকারে বিন্যস্ত থাকে, সেগুলো হলো কৈশিক জালিকা। কৈশিক জালিকার রক্ত ও কলারসের মধ্যে ব্যাপন প্রক্রিয়ার দ্বারা পুষ্টিদ্রব্য, অক্সিজেন, কার্বন ডাইঅক্সাইড, রচন পদার্থ ইত্যাদির আদান-প্রদান ঘটে।
- গ** মি. জামান সাহেবের রোগটি ছিল সিকিল সেল। মানুষের রক্তের লোহিত কণিকাগুলোর স্বাভাবিক আকৃতি চ্যাপটা। কিন্তু সিকিল সেলের ক্ষেত্রে লোহিত কণিকাগুলোর আকৃতি কিছুটা কাস্তুর মতো হয়। সিকিল সেলগুলো সূক্ষ্ম রক্তনালিগুলোতে প্রতিবন্ধকতা সৃষ্টি

করে এবং দেহের সে স্থানে তীব্র ব্যথা অনুভূত হয়। এছাড়া দেহে রক্তশূন্যতা দেখা দেয়। কারণ, এই রক্তকণিকাগুলো যত দ্রুত ভেঙে যায় তত দ্রুত লোহিত রক্ত কণিকা উৎপন্ন হয় না।

- ঘ** রক্তে লোহিত কণিকার গঠনের অসামঞ্জস্যতার কারণে সিকিল সেল রোগটি হয়। নিচে লোহিত রক্ত কণিকার গঠন ও কাজ বর্ণনা করা হলো—
- লোহিত কণিকার গঠন:** মানবদেহের পরিণত লোহিত রক্তকণিকা দ্বি-অবতল ও চাকতি আকৃতির। এতে হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থ থাকার কারণে এটি লাল বর্ণের হয়। লোহিত কণিকা প্রকৃতপক্ষে হিমোগ্লোবিন ভর্তি ভাসমান ব্যাগ এবং চ্যাপ্টা আকৃতির। স্তন্যপায়ী প্রাণীদের লোহিত রক্তকণিকাগুলো উৎপন্ন হওয়ার পর রক্তরসে আসার পূর্বে নিউক্লিয়াসবিহীন হয়ে যায়। অন্যান্য মেবুদন্তী প্রাণীর ক্ষেত্রে এরকম ঘটে না অর্থাৎ এদের লোহিত কণিকাগুলোতে নিউক্লিয়াস থাকে।
- লোহিত কণিকার কাজ:** লোহিত রক্তকণিকার প্রধান কাজ হলো—
- দেহের প্রতিটি কোষে অক্সিজেন সরবরাহ করা।
  - নিষ্কাশনের জন্য কিছু পরিমাণ কার্বন ডাই অক্সাইডকে টিস্যু থেকে ফুসফুসে বহন করা।
  - লোহিত কণিকার হিমোগ্লোবিন রক্তের অম্ল-ক্ষারের সমতা বজায় রাখার জন্য বাফার হিসেবে কাজ করে।

### প্রশ্ন ১৩



চিত্র: P

◀ পিখনফল-১

- ক. মানুষের হৃৎপিণ্ড কয় প্রকোষ্ঠ বিশিষ্ট? ১
- খ. রক্ত লাল হয় কেন? ২
- গ. চিত্র P এর A হিমোগ্লোবিনবিহীন হলে তার গঠনগত প্রকারভেদ ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্ভীপকের B এবং C এর সংখ্যা মানবদেহে হ্রাস বা বৃদ্ধির ফলে কী ধরনের সমস্যা হতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

### ১৩ নং প্রশ্নের উত্তর

- ক** মানুষের হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠ বিশিষ্ট।
- খ** রক্তকণিকার মধ্যে অন্যতম হলো লোহিত কণিকা। এতে হিমোগ্লোবিন নামক লৌহযুক্ত রঞ্জক পদার্থ থাকে। এজন্যই রক্তের রঙ লাল হয়।
- গ** চিত্র A হলো শ্বেত রক্তকণিকা। গঠনগতভাবে এবং সাইটোপ্লাজমে দানার উপস্থিতি বা অনুপস্থিতি অনুসারে শ্বেত কণিকাকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়। যথা: (i) অ্যাগ্রানুলোসাইট বা দানাবিহীন এবং (ii) গ্রানুলোসাইট বা দানায়ুক্ত।
- (i) **অ্যাগ্রানুলোসাইট:** এ ধরনের শ্বেত রক্তকণিকাগুলোর সাইটোপ্লাজম দানাহীন ও স্বচ্ছ। এগুলো দুই ধরনের হয়। লিম্ফোসাইট ও মনোসাইট। লিম্ফোসাইটগুলো বড় নিউক্লিয়াসযুক্ত ছোট কণিকা এবং মনোসাইট ছোট, ডিম্বাকার ও বৃক্কাকার নিউক্লিয়াস বিশিষ্ট বড় কণিকা।
- (ii) **গ্রানুলোসাইট:** এদের সাইটোপ্লাজম সূক্ষ্ম দানায়ুক্ত। গ্রানুলোসাইট শ্বেত কণিকাগুলো নিউক্লিয়াসের আকৃতির ভিত্তিতে তিন প্রকার। যথা: নিউট্রোফিল, ইওসিনোফিল এবং বেসোফিল।

**ঘ** উদ্দীপকে B ও C দ্বারা যথাক্রমে লোহিত রক্তকণিকা ও অণুচক্রিকা চিহ্নিত করা হয়েছে। এদের সংখ্যা মানবদেহে হ্রাস বা বৃদ্ধির ফলে নিম্নরূপ সমস্যা সৃষ্টি হতে পারে:

**অ্যানিমিয়া:** এ রোগে আক্রান্ত ব্যক্তির রক্তের লোহিত রক্তকণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় কমে যায় অথবা হিমোগ্লোবিনের পরিমাণ স্বাভাবিক অবস্থার তুলনায় কমে যায়।


**থ্যালোসিমিয়া:** এটি এক ধরনের বংশগত রক্তের রোগ। এ রোগে আক্রান্ত ব্যক্তির রক্তের হিমোগ্লোবিনের পরিমাণ কমে রক্ত শূন্যতা সৃষ্টি হয়।

**পলিসাইথিমিয়া:** লোহিত রক্তকণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পেলে উক্ত রোগের সৃষ্টি হয়।

**থ্রম্বোসাইটোসিস:** এ অবস্থায় অণুচক্রিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বেড়ে যায়। রক্তনালির অভ্যন্তরে রক্ত জমাট বেঁধে যাওয়াকে থ্রম্বোসিস বলে।

**পারপুরা:** ডেঞ্জুরে আক্রান্ত হলে এ অবস্থা হতে পারে। এ অবস্থায় অণুচক্রিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় কমে যায়।

**প্রশ্ন 18** নিচের চিত্র থেকে প্রশ্নের উত্তর দাও:



◀ শিখনফল-১/ব্রাদার আন্স্ট্রে উচ্চ বিদ্যালয়, কুমিল্লা/

- ক. রক্তচাপ কাকে বলে? ১  
খ. শিরা ও ধমনির পার্থক্য ব্যাখ্যা করো। ২  
গ. মানবদেহে চিত্রের B চিহ্নিত কোষের ভূমিকা ব্যাখ্যা করো। ৩  
ঘ. চিত্রের A ও C একই যোজক কলায় অবস্থিত হলেও এদের কাজ ভিন্ন— বিশ্লেষণ করো। ৪

### ১৪ নং প্রশ্নের উত্তর

**ক** হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণের ফলে হৃৎপিণ্ড থেকে রক্ত, ধমনির মধ্য দিয়ে প্রবাহকালে ধমনি প্রাচীরে যে পার্শ্বচাপ সৃষ্টি করে, তাকে রক্তচাপ বলে।

**খ** শিরা ও ধমনির পার্থক্য ব্যাখ্যা করা হলো—

- শিরার প্রাচীর পাতলা; অপরদিকে ধমনির প্রাচীর পুরু।
- শিরার গহ্বর বড়; কিন্তু ধমনির গহ্বর ছোট।
- শিরায় কপাটিকা আছে; কিন্তু ধমনি কপাটিকা বিহীন।
- শিরার স্পন্দন নেই; অপরদিকে ধমনির স্পন্দন আছে।

**গ** চিত্রের B চিহ্নিত কোষ হলো শ্বেত রক্তকণিকা। নির্দিষ্ট কোনো আকার ও হিমোগ্লোবিন রঞ্জকবিহীন নিউক্লিয়াসযুক্ত বড় এ কোষগুলো মানবদেহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মানবদেহে শ্বেত রক্তকণিকার ভূমিকা নিচে দেওয়া হলো—

- শ্বেত রক্তকণিকার লিম্ফোসাইট অ্যান্টিবডি গঠন করে। এই অ্যান্টিবডির দ্বারা দেহে প্রবেশ করা রোগ জীবাণু ধ্বংস করে। এভাবে দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।
- শ্বেত রক্তকণিকার মনোসাইট ও নিউট্রোফিল ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় রোগজীবাণুকে ধ্বংস করে।
- ইউসিনোফিল ও বেসোফিল হিস্টামিন নামক রাসায়নিক পদার্থ নিঃসৃত করে দেহে এলার্জি প্রতিরোধ করে।
- বেসোফিল হেপারিন নিঃসৃত করে রক্তকে রক্তবাহিকার ভেতরে জমাট বাঁধতে বাধা দেয়।

**ঘ** চিত্র A ও C হলো— লোহিত রক্তকণিকা ও অণুচক্রিকা। এরা উভয়ই তরল যোজক কলা রক্তের অংশ। একই যোজক কলায় অবস্থিত হলেও এদের কাজ সম্পূর্ণ ভিন্ন। লোহিত রক্তকণিকা যে কাজগুলো করে সেগুলো হলো—

- দেহের প্রতি কোষে অক্সিজেন সরবরাহ করা।
- নিষ্কাশনের জন্য কিছু পরিমাণ কার্বন ডাইঅক্সাইডকে টিস্যু থেকে ফুসফুসে বহন করা।
- লোহিত কণিকার হিমোগ্লোবিন রক্তের অম্ল-ক্ষারের সমতা বজায় রাখার জন্য বাফার হিসেবে কাজ করে।

আবার অণুচক্রিকা নিম্নলিখিত কাজগুলো করে থাকে—

- রক্ত তঞ্চন করতে সাহায্য করা।
  - কাটা স্থানে থ্রম্বোপ্লাসটিন নামক পদার্থ সৃষ্টি করা।
  - রক্তের প্রোটিন ফাইব্রিনোজেনকে ফাইব্রিন জালকে পরিণত করা।
- উপরোক্ত আলোচনা থেকে এটা সুস্পষ্ট যে, লোহিত রক্তকণিকা ও অণুচক্রিকা একই যোজক কলায় রক্তে অবস্থিত হলেও এদের কাজের মধ্যে ভিন্নতা রয়েছে।

**প্রশ্ন 15** বাদল নবম শ্রেণিতে পড়ে। সে তার প্রথম শ্রেণিতে পড়ুয়া বোন বীনার সাথে খেলছিল। হঠাৎ বীনা পড়ে গিয়ে হাত কেটে রক্ত বারতে লাগল। বাদল তার বোনকে সান্ত্বনা দিল এবং বলল কিছু হয়নি, ঠিক হয়ে যাবে। কারণ বাদল জানে একটি বিশেষ প্রক্রিয়ায় কিছুক্ষণের মধ্যেই রক্ত বার বন্ধ হয়ে যাবে।

◀ শিখনফল-১ ও ৮

- ক. Rh ফ্যাক্টর কী? ১  
খ. লিম্ফোসাইট ও মনোসাইটের মধ্যে দুইটি পার্থক্য লিখ। ২  
গ. উদ্দীপকের আলোচিত প্রক্রিয়াটি আলোচনা করো। ৩  
ঘ. উক্ত প্রক্রিয়ায় শ্বেত রক্তকণিকার কোনো ভূমিকা আছে কী? যদি থাকে যুক্তি দাও। ৪

